

# সাদা বাঘ কিকা অন্তঃসত্ত্বা

প্রথম পাতার পর

বাবার এবং স্নানের জলেও বরফ দেওয়া হচ্ছে। চিকিৎসকরা প্রতিদিনই দু'বেলা করে এসে কিকার স্বাস্থ্যের খেয়াল রাখছেন।

তবে কিকার অন্তঃসত্ত্বা হয়ে পড়ার ঘটনা সামলে আসার পর কিন্তু বেঙ্গল সাফারি পার্কে প্রজননকেন্দ্র গড়ে তোলার দাবি জোরালো হচ্ছে। একের

পর এক বুনোদের সফল প্রজনন হলেও কেন সাফারি পার্কে স্থানীয় প্রজননকেন্দ্র হবে না, তা নিয়ে প্রশ্ন উঠছে। ওয়েস্ট বেঙ্গল জু অথরিটি সূত্রে জানা গিয়েছে, ইতিমধ্যেই সাফারি পার্কে প্রজননকেন্দ্র গড়ে তোলার জন্য সেন্ট্রাল জু অথরিটির কাছে অনুমতি চেয়ে পাঠানো হয়েছে। সেখান থেকে ছাড়পত্র মিললে তবেই কাজ শুরু হবে।